গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি সমুদ্র পরিবহন অফিস
সরকারি কার্য ভবন-০১, আগ্রাবাদ, চট্টগ্রাম
ফোন নং-+৮৮০-২৩৩৩৩২৩৭৫৪
gso@gso.gov.bd

**নম্বর:** ১৮.১৭.১৫০০.৩০৮.৪৩.০০১.২৪.৪৩

তারিখ: ১২ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২৭ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি/নোটিশ

**বিষয়: বিজ্ঞপ্তি/নোটিশ ২৭ আগস্ট ২০২৪**

এতদ্বারা অত্র অফিসের নিবন্ধনপ্রাপ্ত সাধারন রোস্টারে অন্তর্ভূক্ত সকল নাবিকের অবগতির জন্য জানান যাচ্ছে যে, প্রতিদিন জাহাজ মালিক/জাহাজ মালিকের স্থানীয় নাবিক রিক্রুটিং এজেন্টের অনলাইন চাহিদা পত্রের প্রেক্ষিতে নির্বাচনী নোটিশ অত্র অফিসের ওয়েবসাইটে "অনলাইন নাবিক নির্বাচনী নোটিশ" লিংকে প্রদর্শিত হচ্ছে। এছাড়াও https://erp.gso.gov.bd/frontend/web/selection-notice লিংকে প্রবেশ করেও নোটিশ সমূহ দেখা যাচ্ছে।

নাবিক নিয়োগ বিধিমালা/সরকারী নীতিমালা অনুযায়ী জাহাজ মালিক/স্থানীয় ম্যানিং এজেন্ট এর অনলাইন আবেদনের প্রেক্ষিতে নিরাপদ জাহাজ চলাচল ও জরুরী নিয়োগের স্বার্থে শর্ট নির্বাচনী নোটিশে জাহাজে যোগদানের লক্ষ্যে মাস্টারে হাজির থাকা সাপেক্ষে নাবিক রিক্রুটিং এজেন্ট কর্তৃক নিবন্ধিত নাবিক নির্বাচন করা হয়। এছাড়া বিধিমালা অনুযায়ী কোম্পানি রোস্টারে অন্তর্ভুক্ত নাবিকের সাথে কোম্পানি নিজ উদ্যোগে যোগাযোগ করে জেষ্ঠ্যতা অনুযায়ী নির্বাচনী মাস্টারে হাজির করে থাকেন।

তাই অত্র অফিসের নিবন্ধনপ্রাপ্ত সাধারন রোস্টার ও কোম্পানী রোস্টারে অন্তর্ভূক্ত যে সমস্ত নাবিকের জাহাজে চাকুরীর প্রয়োজন তাদেরকে নির্বাচনী নোটিশ অনুযায়ী প্রতিদিন সকাল ০৯.০০ ঘটিকা হতে অত্র অফিসে সিডিসি, রোস্টার বই, হালনাগাদ সিওপি সনদ ও মেডিকেল ফিটনেস সনদসহ মাস্টারে উপস্থিত থেকে নাবিক নির্বাচনে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হল।

নাবিক নির্বাচন সংক্রান্ত কোন অভিযোগ থাকলে নির্বাচনের পূর্বে নিম্নস্বাক্ষকারীকে লিখিত ভাবে অবহিত করার জন্য অনুরোধ জানানো হল।

২৭-০৮-২০২৪
মীর আফতাবুল কাউসার
শিপিং মাস্টার (অতিরিক্ত দায়িত্ব)
gso@gso.gov.bd

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, নৌপরিবহন অধিদপ্তর (সদয় জ্ঞাতার্থে) এবং
২। ওয়েব সাইট ও নোটিশ বোর্ড, সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম।